

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০



৳১০০

একশত টাকা

গজ ৩৩৯১৪১৬

বিসমিল্লাহির রাহমানির রাহিম

অস্থায়ী মাসিক ভাড়া চুক্তিনামা পত্র

প্রথম পক্ষ/ মালিক পক্ষঃ

মোঃ কাওহার, পিতা- আবুল কাশেম, মাতা : বিবি সখিনা, ঠিকানা : এফ/৩-৪, শেরশাহ, তারাগেইট, এপিবিএন এর পার্শ্বে, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম । জাতীয় পরিচয়পত্র নং- ১৯৮৭১৫৯০৬০২৬১৯৮০৩

দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া :

মোঃ নাজমুল ইসলাম, পিতা : মোঃ আশ্রাফ আলী, মাতা : শাহনাজ বেগম, ঠিকানা : হাওলাদার বাড়ী, গ্রাম : আমিনাবাদ, ডাকঘর : আমিনাবাদ, চরফ্যাশন, জেলা: ভোলা । বর্তমান ঠিকানা : ঠিকানা : এফ/৩-৪, শেরশাহ, তারাগেইট, এপিবিএন এর পার্শ্বে, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম । জাতীয় পরিচয়পত্র নং-১০৩৫০৫৪৯৭০

পরম করনাময় মহান আল্লাহর নামে ভবনের ভাড়া চুক্তিপত্র বর্ণিত হইতেছে যে, তপশীলোক্ত ভবনের মাসিক অস্থায়ী ভিত্তিতে ভাড়ায় লাগিয়াত করার প্রস্তাব করিলে ২য় পক্ষ বিজয়ট্রিপ (BijoyTrip) (অনলাইন ব্যবসায়িক প্রতিষ্ঠান) এর অফিসগৃহ হিসেবে ব্যবহারের জন্য ভাড়া নিতে সম্মত হইলে উভয়পক্ষ আলাপ আলোচনা ও সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তাবলী মানিয়া অত্র চুক্তিপত্র সম্পাদন করিলাম ।

শর্তাবলী :

- ০১। উক্ত ভাড়াচুক্তিপত্র ০১/১২/২০২৫ ইং তারিখ হইতে বলবৎ ও কার্যকর হইবে এবং ২ বছর চলমান থাকিবে অর্থাৎ ৩০/১২/২০২৭ ইং পর্যন্ত কার্যকর হইবে । তপশীলোক্ত ভবন আমুলেট রিং এর অফিস হিসেবে ব্যবহার করার জন্য লাগিয়াত করা হল ।
- ০২। ২য় পক্ষ/ ভাড়াটিয়া মাসিক ভাড়া ৪০০০/- (চার হাজার) টাকা হিসাবে চলতি ইংরেজি মাসের ৭ কর্মদিবসের মধ্যে প্রথম পক্ষকে রশিদমূলে পরিশোধ করিবে ।
- ০৩। কোন কারণে ভবন ছাড়তে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩৩(তিন) মাস আগে নোটিশ প্রদান করিতে হইবে ।

চলমান পাতা-০২

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

গছ ০১৯৭৬২০

পাতা-০২

- ০৪। ২য় পক্ষ/ ভাড়াটিয়া প্রয়োজন বোধে ভবনে বৈদ্যুতিক লাইন সংস্থাপন এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য কার্যাদি সম্পাদন করিতে পারিবেন।
- ০৫। নিরাপত্তা জামানত হিসেবে দ্বিতীয় পক্ষ (ভাড়াটিয়া) প্রথম পক্ষ (ভবন মালিক) কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করিয়াছেন।
- ০৬। ২য় পক্ষ/ ভাড়াটিয়া ব্যবসা করিতে অপারগ হইলে বা ভবন ছাড়িয়ে দেওয়ার নোটিশ দিলে নিরাপত্তা জামানত হিসাবে ২য় পক্ষ কর্তৃক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রথম পক্ষ ফেরৎ প্রদান করিবেন। ১ম পক্ষ ভবন মালিকের যে অবকাঠামো আছে, তাহার কোন ক্ষতি সাধিত হইলে জামানতের টাকা হইতে তা কর্তন করা হইবে।
- ০৭। ২য় পক্ষ তপশীলোক্ত ভবনের আকৃতি পরিবর্তন বা কোন সীমানা দেয়াল ভাঙতে পারবেন না। প্রয়োজনে উভপক্ষের সর্বসম্মতিক্রমে অভ্যন্তরীণ দেয়াল নির্মাণ/ পরিবর্তন করা হইবে।
- ০৮। ২য় পক্ষ / ভাড়াটিয়া থাকাকালীন সময়ে তপশীলোক্ত ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন এবং যথাযথভাবে রক্ষনাবেক্ষন করিবেন, সূষ্ঠ পরিবেশ রক্ষা ও নিরাপত্তার ব্যবস্থা করিবেন।
- ০৯। ভবন এর কোন সংস্কার প্রয়োজন হইলে ২য় পক্ষ/ ভাড়াটিয়া তা নিজ খরচে পরিশোধ করিবেন।
- ১০। ২য় পক্ষ তপশীলোক্ত ভাড়া ভবনে কোন অবৈধ মালামাল রাখিতে পারিবেন না বা অনৈতিক ব্যবসা করিতে পারিবেন না এ ধরনের পরিস্থিতিতে ২য় পক্ষ ভাড়াটিয়া সম্পূর্ণ দায়ী থাকিবেন এবং তাৎক্ষণিকভাবে ভবন ১ম পক্ষকে বুঝাইয়া দিতে হইবে। তদপুরি ২য় পক্ষের জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। এই জন্য ১ম পক্ষ ভবন মালিক কোন অবস্থাতেই দায়ী থাকিবেন না।
- ১১। ভাড়া কৃত ঘরে ২য় পক্ষ/ ভাড়াটিয়ার অস্থায়ী ভাড়াটিয়া স্বত্ব থাকিবে।
- ১২। ২য় পক্ষ তপশীলোক্ত ভাড়া ভবনে তাদের নিজস্ব কাজের স্থানে নিরাপত্তার জন্য ব্যক্তিগতভাবে পাহাদারের ব্যবস্থা করিবেন এবং নিজ দায়িত্বে সংরক্ষণ করিবেন।
- ১৩। ১ম পক্ষ (ভবন মালিক) মিউনিসিপ্যাল ট্যাক্স, জমির খাজনা ভাড়ার উপর ইত্যাদি প্রয়োজনীয় কর পরিশোধ করিবেন। ফায়ার লাইসেন্স এবং সরকারীভাবে ধার্যকৃত আয়কর ২য় পক্ষ ভাড়াটিয়া পরিশোধ করিবেন। এই ব্যাপারে ১ম পক্ষ (ভবন মালিক) কোন অবস্থাতেই দায়ী থাকিবেন না।

চলমান পাতা-০৩

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

গছ ০১৯৭৬২১

পাতা-০৩

- ১৪। ২য় পক্ষ (ভাড়াটিয়া) তপশীলোক্ত ভাড়া ভবন কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান বা কোন ব্যক্তির নিকট বন্ধক রাখিয়া ঋণ গ্রহণ করিতে পারিবেন না এবং ১ম পক্ষ (ভবন মালিক) এর লিখিত অনুমতি ব্যতীত উহা অন্য কাউকে সাবলেট দিতে পারিবেন না। আর উল্লেখ্য যে, ১ম পক্ষ (ভবন মালিক) কে অবগত না করিয়া কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট মালিকানা হস্তান্তর করা যাইবে না।
- ১৫। ১ম পক্ষের (ভবন মালিক) নিকট হইতে উৎসে কর বাবদ সরকার নির্ধারিত টাকা ২য় পক্ষ (ভাড়াটিয়া) মাসিক ভাড়া হইতে কর্তন করিয়া চালানের টাকা ট্রেজারীতে জমাপূর্বক চালান কপি ১ম পক্ষকে (ভবন মালিক) হস্তান্তর করিবেন।

তপশীল

জেলা : চট্টগ্রাম, মৌজা : পূর্ব নাসিরাবাদ, এফ/৩-০৪, শেরশাহ, ৯ এপিবিএন এর পার্শে, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম।

এতদ্বারা স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে স্বাক্ষীদের স্বাক্ষাতে আমরা অত্র চুক্তিপত্র পাঠ করিয়া ও উহার মর্ম অবগত হইয়া অত্র চুক্তিপত্র অদ্য ০১/১২/২০২৫ ইং তারিখে সম্পাদন করিলাম।

১ম পক্ষের স্বাক্ষর : মেঃ কণ্ঠহার

MD NALMU ISLAM

২য় পক্ষের স্বাক্ষর

Nalmu
১৩-১২-২৫

স্বাক্ষীগণের স্বাক্ষর :

০১। স্বাক্ষর

০২। স্বাক্ষর

০৩। স্বাক্ষর

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”